[illegible]

[illegible] [illegible] [illegible] [

আটক ইমরুল কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার আব্দুল মান্নানের ছেলে এবং সেলিম কুষ্টিয়ার আল্লাহর দরগার তাজপুরের হায়াত আলীর ছেলে। বৃহত্তর কুষ্টিয়া জেলায় তাদের চোরচক্রের সক্রিয় সদস্যরা ছড়িয়ে ছিটিয়ে আছে। তারা সাধারনত রাতের বেলায় মাঠ থেকে কৃষকের সেচ কাজে ব্যবহৃত শ্যালো মেশিনের মোটর চুরি করে থাকে।

জানা গেছে, সোমবার দিনগত রাতে আলমডাঙ্গার হারদী ইউনিয়নের কেশবপুর মাঠে আন্তজেলা এই চোরচক্রের সদস্যরা হানা দেয়। তারা মাঠ থেকে কৃষকের মোটর চুরি করে তাদের গাড়ি আসার অপেক্ষা করতে থাকে। গাড়ি আসার আগেই কেশবপুর গ্রামের এক লোক চোরদের দেখে ফেলেন। তার চিৎকার চেচামেচিতে গ্রামের লোকজন তেড়ে ধরে ফেলেন ইমরুল ও সেলিম চোরকে। তাদেরকে গণধোলায় দিয়ে পুলিশের হাতে তুলে দেয় গ্রামবাসী।

প্রাগপুর গ্রামের জালাল হোসেন জানান, সোমবার রাতে কেশবপুর মাঠ থেকে তার একটি মোটর চুরি হয়েছে। তার আগে একই গ্রামের নীলচাঁদের মাঠ থেকে একটি মোটর চুরি যায়। একই সাথে বড় বোয়ালিয়া গ্রামের মিন্টু বিশ্বাসের মোটর চুরি হয়। একই গ্রামের জাহামত, শরিফ, আব্দুল কাদেরেরও একটি মোটর চুরি হয়। তারা থানায় মোটর চুরির অভিযোগ দায়ের করেছেন।

আলমডাঙ্গার জেহালায় ঘর থেকে ৭০ হাজার টাকা চুরি

আলমডাঙ্গার জেহালায় একটি বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। সোমবার রাত ৩ টার দিকে চোর ঘরে ঢুকে ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে যায়। এ ব্যাপারে থানায় অভিযোগ দেওয়া হয়েছে।

জানা গেছে, জেহালার অঘর্নাথ স্কুল এলাকার ইউনুস আলীর ছেলে রফিকুল ইসলাম রাজিব ঘরে ঘুমিয়ে ছিলেন। রাত ৩ টার দিকে তিনি দেখতে পান ঘরের ভেতর চোর ঢুকেছে। তিনি চোর না ধরে দ্রুত ঘর থেকে বেরিয়ে দরজায় শিকল দিয়ে দেন। এ সময় তিনি বাইরে থেকে প্রতিবেশীদের ডাকতে থাকেন। প্রতিবেশীরা এসে ঘর খুলে দেখেন চোর ঘরের জানালা ভেঙ্গে পালিয়ে গেছে। সেই চোর পালিয়ে যাওয়ার সময় ঘরে রাখা ৭০ হাজার

টাকাও নিয়ে গেছে।

রাজিব জানান, জেহালার মদনবাবুর মোড়ে তার একটি মুদিখানার দোকান আছে। রাত ১০ টার দিকে সেই দোকান বন্ধ করে বাড়িতে যান। খাওয়া- দাওয়া শেষে তিনি ঘুমিয়ে পড়েন। রাত ৩ টার দিকে চোর ঘরে ঢোকায় তিনি জেগে ওঠেন।

চুয়াডাঙ্গার সেচ্ছাসেবক মেডিকেল টেকনোলজিস্টদের স্বপ্নভঙ্গের উপক্রম

স্বপ্নভঙ্গ হতে বসেছে চুয়াডাঙ্গা কর্মরত সেচ্ছাসেবক মেডিকেল টেকনোলজিস্টদের। করোনা মোকাবিলায় সম্মুখযোদ্ধা চিকিৎসকদের কাধে কাধ মিলিয়ে কাজ করেও বঞ্চিত হচ্ছেন তারা। কর্মরতদের অনেকের স্বপ্ন ছিলো ঝুঁকিপূর্ণ এ কাজে আত্মনিয়োগ করলে সরকারীভাবেই তারা স্বীকৃতি পাবেন। কিন্তু সে স্বপ্ন এখন ভেঙে যেতে বসেছে।

সম্প্রতি সরকারিভাবে মেডিকেল টেকনোলজিস্ট নিয়োগের ক্ষেত্রে চুয়াডাঙ্গার কোনো সেচ্ছাসবকই এতে স্থান পাননি। এতে তাদের মধ্যে চাপা অসন্তোষ দেখা গেছে।

করোনা সংক্রমণের শুরুর দিকে করোনা মোকাবিলার জন্য সারাদেশের মেডিকেল টেকনোরজিস্টদের এগিয়ে আসার আহ্বান জানানো হয় সরকারিভাবে। সে সময় চুয়াডাঙ্গার অনেক যুবক-যুবতী সেচ্ছাসেবক মেডিকেল টেকনোলজিস্ট হিসেবে নিজেদের নাম লেখান। তাদের মধ্যে আবার অনেকেই স্বপ্ন দেখেন ভবিষ্যতে এ পদে নিয়োগ পাওয়ার। কিন্তু সম্প্রতি সারাদেশে এ পদে যে নিয়োগ দেয়া হয়েছে তাতে চুয়াডাঙ্গার দু’যুবক সুযোগ পেয়েছেন।

তবে সেচ্ছাসেবক মেডিকেল টেকনোলজিস্ট হিসেবে দায়িত্বপ্রাপ্তদের মধ্যে অনেকের অভিমত তাদের মধ্যে থেকে কেউ নিয়োগ পেলে তারা খুশি হতেন। নিয়োগপ্রাপ্তরা কেউই সেচ্ছাসেবক ছিলেন না।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের করোনা স্যাম্পল সংগ্রহ কেন্দ্রে গিয়ে দেখা যায়, সেচ্ছাসেবক মেডিকেল টেকনোলজিস্ট হিসেবে জাহানারা খাতুন, সাজেদুর রহমান ও হাসানুজ্জামান নামে তিনজন দায়িত্ব পালন করছেন। তাদের সাথে কথা বলে জানা যায় তারা গত ১৪ এপ্রিল থেকে এ দায়িত্ব পালন করে আসছেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) আমজাদুল ইসলাম বলেন, কিছুদিন পূর্বে সরকারিভাবে কর্মরত সেচ্ছাসেবক মেডিকেল টেকনোলজিস্টদের নামের তালিকা চাওয়া হয়েছিলো। আমাদের এখানে ১৬ জন সেচ্ছসেবক তালিকাভূক্ত আছেন। আমরা তাদের নামের তালিকা কর্তৃপক্ষের কাছে পাঠিয়েছিলাম। তারা নিয়মিতই তাদের দায়িত্ব পালন করছেন।

চুয়াডাঙ্গায় করোনার উপসর্গ নিয়ে শ্রমিক নেতার মৃত্যু

করোনাভাইরাসের উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা জেলা মোটরশ্রমিক ইউনিয়নের সাবেক সহ-সভাপতি কাওছার আলী শাহ (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকালে নিজ বাড়িতে তার মৃত্যু হয়। কাওছার আলী শাহ দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের মৃত বদর উদ্দিন শাহ’র ছেলে।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আবু হেনা মোহাম্মদ জামাল শুভ জানান, কাওছার আলি শাহ কয়েকদিন ধরে সর্দি কাশি, জ্বর ও ডায়রিয়ায় ভুগছিলেন। তিনি সোমবার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে নমুনাও দিয়েছিলেন।

নমুনা সংগ্রহ করার পর পরীক্ষার জন্য মঙ্গলবার কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়েছে। রিপোর্ট আসার আগেই তিনি মারা গেলেন।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা জেলাতে সোমবার পর্যন্ত করোনাভাইরাসে

আক্রান্ত হয়েছেন ২১৫ জন নারী-পুরুষ। এরমধ্যে সুস্থ হয়েছেন ১৩১ জন ও মারা গেছেন ২ জন।

আলমডাঙ্গায় করোনা উপসর্গ নিয়ে যুবকের মৃত্যু

করোনা উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি হওয়ার কয়েক ঘন্টা পরেই মারা গেলেন শরিফুল ইসলাম (২২)।

গতকাল বৃহস্পতিবার (২৫ জুন) দুপুরে তাকে হাসপাতালে ভর্তি করানো হয়। বিকেলেই তিনি মৃত্যুর কোলে ঢোলে পড়েন।

নিহত শরিফুল ইসলাম খাদিমপুর ইউনিয়নের জুগিরহুদা গ্রামের কোরবান আলীর ছেলে। স্বাস্থ্যবিধি মেনে আজ রাতে গ্রামের কবরস্থানে তাকে দাফন করা হবে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০ টার দিকে ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা ও পুলিশের সহযোগীতায় সরকারী স্বাস্থ্যবিধি মেনে গ্রামের কবরস্থানে শরিফুলের লাশ দাফন করা হয়।

খাদিমপুর ইউনিয়ন পরিষদের মেম্বর আব্দুল হান্নান জানান, চুয়াডাঙ্গা থেকে ইসলামী ফাউন্ডেশনের লোকজন জুগিরহুদা গ্রামের এসে দাফন-কাফনের কাজ করেছেন। পুলিশের উপস্থিতিতে সরকারী স্বাস্থ্যবিধি মেনে জানাজা শেষে কবরস্থ করা হয়েছে।

দর্শনার কিছু অংশ লক ডাউন

চুয়াডাঙ্গার দর্শনা পৌরসভার ৫ ও ৭ নম্বর ওয়ার্ডকে রেড জোন হিসেবে চিহ্নিত করে লকডাউন ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার থেকে

লকডাউন কার্যকর হবে।

সোমবার দুপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত কোভিড-১৯ করনীয় বিষয়ক জেলা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, দর্শনা পৌরসভার ৫ ও ৭ নম্বর ওয়ার্ডকে রেড জোন হিসেবে ঘোষণা করা হচ্ছে। এখানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। এ নির্দেশ মঙ্গলবার থেকে কার্যকর হবে।

মেপ্র/এমএফআর

গাংনীর চাল কান্ডে সরকার ও দলের মান ক্ষুন্ন হয়েছে-এম.এ খালেক

গাংনীর চাল চুয়াডাঙ্গা জব্দ হয়েছে। প্রধানমন্ত্রীর নাম সংবলিত কাবিখা প্রকল্পের ১২৬৬ বস্তা চাল জব্দ এতেই সরকার ও দলের ভাবমূর্তি চরমভাবে নষ্ট হয়েছে। চাল বিক্রি বৈধ হোক আর অবৈধ হোক সেটি পরের বিষয়।

চাল নিয়ে বিভিন্ন গণমাধ্যম বা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে যে প্রকার চালাচালি শুরু হয়েছে তাতে মেহেরপুর জেলার গাংনী উপজেলার আওয়ামী লীগকে চরম বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয়েছে । এতে দলীয় শৃঙ্খলা ভঙ্গ করা হয়েছে বলে মন্তব্য করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

বুধবার সকাল সাড়ে দশটার সময় উপজেলা পরিষদ কার্যালয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় কালে এমন কথা বলেছেন। সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, বর্তমান করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সরকার প্রশাসন, সহ বিভিন্ন মহল যখন কঠিন সময় পার করছেন তখন সরকারের ভাবমূর্তি নষ্ট করার জন্য একটি মহল উঠে পড়ে লেগেছে।

দামুড়হুদায় অস্ত্র ও গুলি সহ ২ জন আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন বুইচিতলা গ্রামে র্যাবের অভিযানে ভারতীয় অস্ত্র ও গুলি সহ ২ জনকে আটক হয়েছে। গতকাল মঙ্গলবার ভোর ০৪:৫০ ঘটিকার দিকে গায়েন্দা তথ্যের ভিত্তিতে র্যাব-৬, সিপিসি-২ এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন বুইচিতলা এলাকায় অস্ত্র ক্রয়-বিক্রয় চলছে।

এমন খবর পেয়ে অভিযান পরিচালনা করে ১ টি ভারতীয় তৈরি ওয়ান শুটারগান, ২ রাউন্ড গুলি, ১ টি মোবাইল সেট এবং ২ টি সীম কার্ড সহ ২জন অস্ত্র ব্যবসায়ী সাইফুল ইসলাম (২৭), পিতা- সদর উদ্দিন ও তরিকুল মন্ডল (৩৫), পিতা- মৃত আবদার আলী কে আটক করা হয়। আটককৃত অস্ত্র ব্যবসায়ী সাইফুল ও তরিকুল চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের ফুলবাড়ী গ্রামের সদর উদ্দিন ও আব্দার আলীর ছেলে।

র্যাব-৬ জানান, বাংলাদেশকে অপরাধমুক্ত করার লক্ষ্যে জঙ্গী, সন্ত্রাস, খুন, ডাকাতী, ছিনতাই, অপহরণ ও মাদকের বিরুদ্ধে আমরা প্রতিনিয়ত অভিযান পরিচালনা করে যাচ্ছি। গতকালই অস্ত্র ও গুলি সহ অস্ত্র ব্যবসায়ী সাইফুল ও তরিকুলকে দর্শনা থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে।

মেপ্র/এমএফআর

চুয়াডাঙ্গার জীবননগরে একসঙ্গে তিন সন্তান জন্ম

চুয়াডাঙ্গার জীবননগরে আছমাউল হুসনা (২৮) নামের এক নারী একসঙ্গে তিনটি সন্তানের জন্ম দিয়ে চাঞ্চল্য সৃষ্টি করেছেন। সোমবার সকালে

জীবননগর শহরের একটি ক্লিনিকে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে বাচ্চা তিনটি জন্ম হয়।

তিনি জীবননগর সুটিয়া গ্রামের আবুল কাশেমের মেয়ে এবং ঝিনাইদহ সদর উপজেলার ডেফলবাড়ি গ্রামের নজরুল ইসলামের স্ত্রী।

পারিবারিক সুত্রে জানা যায়, জীবননগর উপজেলার সুটিয়া গ্রামের আবুল কাশেমের গর্ভবতি মেয়ে আছমাউল হুসনা অসুস্থ হলে গতকাল সোমবার ভোরে জীবননগর শহরের মনোয়ারা সনো সেন্টারে ভর্তি করা হয়। দায়িত্বরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষার পর অস্ত্রোপচারের মাধ্যমে সন্তান প্রসবের সিদ্ধান্ত নেন।

অস্তোপচারের পর একে একে তিনটি সন্তানের জন্ম হয়। তিন সন্তানের দুইটি ছেলে ও একটি মেয়ে। নবজাতক দুটি ছেলের মধ্যে একটি ছেলে ইতিমধ্যে মারা গেছে।

রিপোর্ট লেখা পর্যন্ত বাচ্চার মা সুস্থ রয়েছেন। খবরটি এলাকায় বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।